দৈনিক বাংলা

54

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 0 3 JUN 1989
পৃষ্ঠা 7 কলাম 3

# রমনা রেলওয়ে হাই স্কুল প্রসঙ্গঃ বিকল্প ব্যবস্থা হয়েছে

( স্টাফ রিপোর্টার )

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম গত বুধবার জাতীয় সংসদকে জানান, রমনা রেলওয়ে হাই স্কুলের ছাত্রছাত্রীদের লেখাপড়া যাতে ব্যাহত না হয়, সেজন্য বিকল্প স্কুলের ব্যবস্থা করা হয়েছে। রমনা রেলওয়ে হাই স্কুলের প্রাথমিক শাখাকে আগামসিহ লেনে সরকারী প্রাথমিক বিদ্যালয়ে এবং মাধ্যমিক (হাই স্কুল) শাখাকে মুসলিম হাইস্কুলে সাময়িকভাবে স্থানান্তরের ব্যবস্থা করা হয়েছে।

গত বুধবার জাতীয় সংসদে জনাব কলিমউদ্দীনের আনীত একটি দৃষ্টি আকর্ষণী নোটিশের জবাবে তিনি একথা বলেন।

জনাব কলিমউদ্দীন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলেন, রমনা রেলওয়ে হাই স্কুল ভবন স্থানান্তরের ব্যবস্থা গ্রহণ না করে নিলামে তোলার কারণে বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়েছে।

শিক্ষামন্ত্রী তাঁর জবাবে বলেন রমনা রেলওয়ে হাই স্কুলটি একটি বেসরকারী শিক্ষাপ্রতিষ্ঠান এবং কোন বেসরকারী প্রতিষ্ঠানের দায়-দায়িত্ব সরকার গ্রহণ করেন না। রমনা রেলওয়ের জায়গা গণপূর্ত বিভাগের কাছে হস্তান্তর করা হয়েছে। সেখানে ওসমানী উদ্যানের সম্প্রসারণের কারণে রেলওয়ে হাই স্কুল সম্প্রসারণের প্রয়োজন হয়ে পড়েছে। তিনি আরো জানান, রেলওয়ের সকল প্রতিষ্ঠান রমনা এলাকা থেকে কমলাপুরে স্থানান্তরিত হওয়ার পর কমলাপুরে একটি বিকল্প রেলওয়ে হাই স্কুল স্থাপন করা হয়েছে।

তিনি বলেন, এছাড়াও রমনা রেলওয়ে হাই স্কুলের জন্য বিকল্প জায়গার ব্যবস্থা করার জন্য গণপূর্ত বিভাগকে শিক্ষা মন্ত্রণালয় থেকে একটি পত্র দেয়া হয়েছে। গণপূর্ত বিভাগ বিকল্প জায়গার ব্যবস্থা করলে সেখানে বর্তমানে রমনা রেলওয়ে হাই স্কুল স্থানান্তর করা যাবে।